# রাজবাড়ী পৌরসভা কার্যালয়

# রাজবাড়ী।

## ০১ নং ওয়ার্ড কমিটির সভা

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আব্দুর রব বিশ্বাস, কাউন্সিলর ০১ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। |
| স্থান | ঃ | রাজবাড়ী পৌরসভা কার্যালয়। |
| তারিখ ও সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা। তারিখঃ- ১৭/০৮/২০২৩ ইং |

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক সদস্যগণকে বিগত সভার ন্যায় সকল সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য ধন্যবাদ ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের সকল উন্নয়নমূলক কর্মকান্ড ও ওয়ার্ড সম্পর্কিত ইউজিপ-৩ প্রকল্প হতে প্রেরিত বিভিন্ন বস্তিতে বস্তিতে টয়লেট স্থাপন কাজ প্রকল্প হতে বর্তমান মেয়র মহোদয় যথেষ্ট পরিমাণ আনতে সক্ষম হয়েছেন। এব্যপারে সার্বিক সকল প্রকার সহযোগিতা করার জন্য ধন্যবাদ জানিয়ে আলোচনা শুরু করার অনুরোধ জানান।

**আলোচ্য সূচী ঃ**

১। বিগত সভার কার্য - বিবরণী পাঠ ও অনুমোদন।

২। ইউজিপ-৩ প্রকল্প সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করন।

৩। পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সহযোগিতা প্রসঙ্গে।

৪। ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে।

৫। ডেঙ্গু মশা পরিস্থিতি প্রসঙ্গে।

৬। বিবিধ।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য- বিবরণী পাঠ ও অনুমোদন | কমিটির সদস্য সচিব জনাব আব্দুর রব আহমেদ, অফিস সহকারী রাজবাড়ী পৌরসভা। তিনি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে বিগত সভার কার্য-বিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তাহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সভার কার্য- বিবরণী অনুমোদিত হলো। | সদস্য সচিব |
| ২ | ইউজিপ-৩ প্রকল্প সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করন। | আলোচ্য সূচীর উপর আলোচনায় অংশ গ্রহণ করেন কমিটির সদস্য সচিব জনাব জনাব আব্দুর রব আহমেদ, অফিস সহকারী, রাজবাড়ী পৌরসভা। অত্র ওয়ার্ডে বৃষ্টি মৌসুমে পানি জমে ড্রেন অপরিষ্কার হয়ে যায়, এতে সাধারণ জনগণের ব্যাপক সমস্যার সৃষ্টি হয়। তাছাড়া ডেঙ্গুর প্রভাব দ্রুত বিস্তার করছে এবং বৈদ্যুতিক লাইন স্থাপন ও মশক নিধন সহ বর্জ্য ব্যবস্থাপনার উপর জরুরীভাবে সাধারণ জনগণকে অবগত করেন। উপস্থিত ওয়ার্ড কমিটির সদস্যবৃন্দকে বর্জ্য ব্যবস্থাপনার উপর সঠিক ভাবে তদারকি করার জন্য অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | ইউজিপ-৩ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল সদস্যবৃন্দের সহযোগীতার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সহযোগিতা প্রসংঙ্গে। | আলোচনা পর্বে অংশ গ্রহণ করেন **জনাব মোঃ তায়েব আলী, পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা** তিনি পৌরকর ব্যাংকের মাধ্যমে পরিশোধ করার জন্য করদাতাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। বর্জ্য ব্যবস্থপনার ব্যাপারে পৌরসভার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করেন। এবং সভায় উপস্থিত সকল সদস্যগণকে এ ব্যাপারে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানিয়ে বিগত সভার ন্যায় সকল সদস্যবৃন্দ ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সংশ্লিষ্ট সকলকে আরও বেশী তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |
| ৪ | ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠ ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে। | **জনাব আলমগীর হোসেন মুফতি, সদস্য, রাজবাড়ী পৌরসভা,** তিনি বলেন যে বিগত সভায় পৌর এলাকার দুস্থ্য মহিলাদের জন্য সেলাই মেশিন প্রদানের জন্য মেয়র মহোদয়ের প্রতি বিশেষ সভাপতির মাধ্যমে দৃষ্টি আকর্ষন করেন।<br><br>**জনাব রফিকুল ইসলাম রফিক, সদস্য, রাজবাড়ী পৌরসভা।** তিনি জানান, গুদার বাজার বাধের রাস্তা হতে মজিবর মন্ডলের বাড়ির পূর্ব পার্শ্ব হয়ে বীর মুক্তিযোদ্ধা ফরিদ উদ্দিনের বাড়ি পর্যন্ত একটি নতুন রাস্তা নির্মাণের বিশেষ ভাবে অনুরোধ জানালে এই ব্যাপারে কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করেন নাই। তিনি আরোও জানান প্রতিটি মিটিংএ সাধারণ জনগণের চাহিদার কথা উপস্থাপন করা সত্বেও কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করেন না। এ বিষয়ে তিনি অসন্তুষ্ট প্রকাশ করে তার বক্তব্য শেষ করেন।<br><br>**জনাব মোঃ মোকছেদুর রহমান খান (মোমিন), সদস্য, রাজবাড়ী পৌরসভা, তিনি বলেন,** বর্তমানে রাজবাড়ী পৌরসভার অধীনে শ্রীপুর ল্যান্ডফিল বর্জ্য ব্যবস্থাপনা প্রক্রিয়া করনের প্রযুক্তি ব্যবহার শুরু হয়েছে যাহা রাজবাড়ী পৌরসভার জন্য উন্নয়নের ধারাবাহিকতা অব্যহত রাখতে সহায়তা করবে। সে কারনে আমাদের সকল সাধারণ জনগণকে এ বিষয়ে সচেতন থাকতে হবে এবং বর্জ্য ব্যবস্থপনার উপর করনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।<br><br>**জনাব ফিরোজা বেগম, সদস্য, রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী।** তিনি বলেন, ইউজিপ-৩ প্রকল্প হতে রাজবাড়ী পৌরসভাকে একটি মডেল পৌরসভা হিসেবে তৈরীর লক্ষ্যে উক্ত প্রকল্প হতে ল্যান্ডফিল বা বর্জ্য ব্যবস্থাপনা রক্ষনাবেক্ষণ শহরকে দূষণমুক্ত রাখতে এই ল্যান্ডফিল যথেষ্ট ভূমিকা রাখবে বলে আশা করি। তিনি আরো বলেন, বিগত সভায় লতিফ পাগলের বাড়ির সামনে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের জন্য বলা হলেও এ ব্যাপারে কোন ব্যবস্থা করা হয় নাই তাই তিনি পুনরায় ব্যবস্থা করার অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদের আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের সুপারিশ করা হয়। | সদস্য সচিব |
| ৫ | ডেঙ্গু পরিস্থিতি প্রসঙ্গে। | **জনাব মোঃ নুর ইসলাম, সদস্য, রাজবাড়ী পৌরসভা,** তিনি বলেন জনগণের স্বাস্থ্য সুরক্ষায় পৌরসভার কাজগুলো যথাযথ ভাবে করা ও ডেঙ্গু প্রতিরোধ করার ব্যাপারে পৌরসভার করনীয় সম্পর্কে যা প্রয়োজন তাহা করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | পৌর পরিষদকে অনুরোধ করা হলো। | সদস্য সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | বিবিধ | জনাব হোসনেয়ারা বেগম, সদস্য, রাজবাড়ী পৌরসভা, তিনি বলেন যে, রাজবাড়ী পৌরসভা পৌর এলাকার সকল বাড়িতে বাড়িতে বর্জ্য ব্যবস্থাপনা সংরক্ষণের জন্য ডাস্টবিন বাক্সেট প্রদান করেছেন। এই ডাস্টবিন বাক্সেটে বাড়ির রান্নাবান্নার কাজে ব্যবহৃত ময়লা-আবর্জনা বাক্সেটে রাখার জন্য প্রদান করেছেন এবং সেই সাথে উক্ত বর্জ্য বাড়ি বাড়ি থেকে আনার জন্য কমিউনিটি ভ্যান সার্ভিস চালু করেছেন। তাহা সকলে নিয়মানুযায়ী ব্যবহারের ব্যাপারে অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হলো। | সদস্য সচিব |

**সহ- সভাপতি জনাব মিসেস ফারজানা আলম,** তিনি বলেন, সদস্যগণের মতামতের ভিত্তিতে উন্নয়ন মূলক কর্মকান্ড ও পৌর নাগরিকের সুবিধা ও চাহিদা মোতাবেক সকল উন্নয়ন মূলক কাজে সকলের তদারকি ও সঠিক নিয়ন্ত্রনের অধিকার রয়েছে। তাছাড়া ডেঙ্গু প্রতিরোধের ব্যাপারে পৌর পরিষদ সচেষ্ট কাজ করে আসিতেছে এবং এই কাজ অব্যাহত থাকবে জানিয়ে সভায় উপস্থিত সদস্যগণের সকল বক্তব্য পৌর পরিষদে জানানো হবে বলে তার বক্তব্য শেষ করেন।

**সভাপতি মহোদয় জনাব আব্দুর রব বিশ্বাস,** উপস্থিত সদস্যগণকে নিয়মিত ওয়ার্ড কমিটির মিটিং সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জানিয়ে বর্তমান ডেঙ্গু মশার প্রকপ দিন দিন বেড়েই চলছে এই প্রতিকার হতে সকলকে রক্ষার করার জন্য পৌর পরিষদ নিয়মিত কাজ করে যাচ্ছে। তাছাড়া বর্তমান বর্জ্য ব্যবস্থাপনার জন্য আলোকিত পৌরসভা গঠনের লক্ষ্যে প্রত্যেক বাড়িতে বাড়িতে পৃথবর্জ্য অপসারনের জন্য আলাদা আলাদা ডাষ্টবিন প্রদান করা হচ্ছে। এতে শহর পরিষ্কার ও ল্যান্ডফিল প্রক্রিয়াজাত করণের মাধ্যমে বিজ্ঞান সম্মত প্রক্রিয়ায় নাগরিকদের সক্রিয় অংশ গ্রহণ ছাড়া পৃথকীকরণ ও প্রক্রিয়াকরণ বাস্তবায়ন করা সম্ভব নয়। আসুন আমরা সবাই মিলিত হই, সবাই একটু দায়িত্বশীল হই, পরস্পরের হাতে হাত রেখে অঙ্গিকার করি, বর্জ্যের দূষণ থেকে এই পৌরসভাকে একটি মডেল পৌরসভা হিসাবে উপহার দেয়াই বর্তমান পৌর পরিষদের প্রধান লক্ষ্য সেই লক্ষ্যে বর্তমান পরিষদ কাজ করে আসিতেছে জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

অতঃপর অত্র সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে এই ওয়ার্ড কমিটির মিটিং এ উপস্থিত থাকার জন্য সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(আব্দুর রব বিশ্বাস)
সভাপতি
০১ নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর ০১ নং ওয়ার্ড,
রাজবাড়ী পৌরসভা।

বিতরণঃ

১। জনাব/জনাবা ..........................................................................
.......................................................................................রাজবাড়ী ও
সহ-সভাপতি/সদস্য/সদস্য সচিব, ১ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা।

অনুলিপিঃ

১। একান্ত সহকারী, মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়, রাজবাড়ী।

## ০২নং ওয়ার্ড কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আব্দুলাহ্ আল মামুন কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

স্থান : পৌরসভা কার্যালয়।

তারিখ ও সময় : সকাল ১০.০০ ঘটিকা। তাং- ২১/০৮/২০২৩ ইং,

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উক্ত সভার সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তা ও কর্মচারীগণকে বিগত সভার ন্যায় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য ধন্যবাদ ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের সকল উন্নয়নমূলক কর্মকান্ড ও ওয়ার্ড সম্পর্কিত বিভিন্ন সমস্যার ব্যাপারে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

**আলোচ্য সূচী ঃ**

১। বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন।
২। ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ।
৩। পৌর কর ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে।
৪। ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে।
৫। কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে।
৬। বিবিধ।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতে কমিটির সদস্য সচিব জনাব বিপ্লব কুমার সাহা, টিকাদানকারী, রাজবাড়ী পৌরসভা। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | সভার কার্য-বিবরণী অনুমোদিত হলো। | সদস্য সচিব |
| ২ | ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ। | আলোচ্য সূচীর উপর আলোচনায় অংশ গ্রহণ করেন কমিটির সদস্য সচিব জনাব বিপ্লব কুমার সাহা, টিকাদানকারী, রাজবাড়ী পৌরসভা। তিনি সকল সদস্যকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন বর্তমানে ডেঙ্গু মশার উপদ্রব খুব বেড়ে গেছে তাই ডেঙ্গু মশা নিধনের জন্য জরুরী ব্যবস্থা গ্রহনের বিশেষ অনুরোধ করেন। সড়ক উন্নয়ন, বৈদ্যুতিক লাইন স্থাপন ও ড্রেন নির্মাণ সহ অন্যান্য কাজের মধ্যে সড়ক উন্নয়ন ও বৈদ্যুতিক লাইন স্থাপন শেষ। উপস্থিত ওয়ার্ড কমিটির সদস্যবৃন্দকে উক্ত কাজ গুরত্ব সহকারে পর্যবেক্ষণ করার কথা বলেন, তিনি আরো বলেন ইউজিপ-৩ এর সকল কার্যক্রম শেষ হয়েছে তাই তিনি সকল স্টাফদের ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | ইউজিআইআইপি প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের সহযোগীতার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সহযোগিতা প্রসংঙ্গে। | **আলোচনা পর্বে অংশ গ্রহণ করেন জনাব মোঃ তায়েব আলী, পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা।** তিনি বলেন যে, রাজবাড়ী পৌরসভায় সকল সম্মানিত সদস্যদের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তিনি পৌরকর ব্যাংকের মাধ্যমে পরিশোধ করার জন্য করদাতাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। এবং সকলকে পৌরসভার সার্বিক উন্নয়ন কাজের প্রতি সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সংশ্লিষ্ট সকলকে আরও বেশি তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |
| ৪ | ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠ ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে। | **জনাব মোঃ শহিদুর রহমান, সদস্য, ০২নং ওয়ার্ড কমিটি,** সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। তিনি বলেন লোকব্রিজ সংলগ্ন রাস্তা কার্পেটিং ও সিলকোড করতে হবে। তিনি আরো বলেন রাজারবাড়ী হইতে কালিতলা পর্যন্ত আর সি সি রাস্তা সংস্কার করার জন্য পুনরায় অনুরোধ করেন। সেই সাথে বাসা বাড়ির ময়লা কমিউনিটি ভ্যান গাড়ীর মাধ্যমে জন সচেতনতা বৃদ্ধি, পয়ঃবর্জ্য নিষ্কাশন সেপটি ট্যাংকি পরিষ্কার এবং ব্যাকুম ক্লিনার এর মাধ্যমে সেপটি ট্যাংকি পরিষ্কার সম্পর্কে জন সচেতনতা বৃদ্ধি করার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন।<br>**মোঃ খলিল মন্ডল, সদস্য,** তিনি আলোচনায় অংশ গ্রহণ করে বলেন যে, খালেক উকিল এর বাড়ির সামনে সংস্কার করা খুবি জরুরী প্রয়োজন দাবি করেন এবং চৌরাস্তা হতে রাজার বাড়ির মোড় পর্যন্ত রাস্তা সংস্কার প্রয়োজন অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদের আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের সুপারিশ করা হয়। | সদস্য সচিব |
| ৫ | কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে। | **জনাব সুফিয়া বেগম, সদস্য,** তিনি বলেন, বর্তমানে করোনার প্রকোপ কমেছে তাই স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে নিয়মিত মাক্স পরিধান করা ও ভ্যাকসিন নেয়ার অনুরোধ করেন। সেই সাথে ওয়ার্ডে নাগরিক সেবার কাজগুলো আরো সুচারু রুপে করার অনুরোধ রেখে তার বক্তব্য শেষ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হলো। | সদস্য সচিব |
| ৬ | বিবিধ | **জনাব ছন্দা বেগম,** সদস্য তিনি বলেন, বর্তমানে ডেঙ্গু মশার উপদ্রব খুব বেড়ে গেছে তাই ডেঙ্গু মশা নিধনের জন্য জরুরী ব্যবস্থা গ্রহনের বিশেষ অনুরোধ করেন। আমাদের ওয়ার্ডের মধ্যে নেশা দ্রব্য বিক্রি ও সেবন করে, মাননীয় মেয়র মহোদয়কে প্রশাসনের মাধ্যমে এর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। এবং ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হলো। | সদস্য সচিব |

সহ- সভাপতি ফারজানা আলম ১, ২ ও ৩ নং ওয়ার্ড কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা তিনি তার বক্তব্যে উপস্থিত ওয়ার্ড কমিটির সকল সদস্যকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন এলাকার উন্নয়ন মূলক কাজে তার ওয়ার্ডে ড্রেন, রাস্তা পরিষ্কার-পরিচ্ছন্ন, সড়কবাতি যে সকল সমস্যাগুলো রয়েছে, সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা করা হবে। আমরা পৌর কর্তৃপক্ষের মাধ্যমে জনগণকে স্বাস্থ্য সুরক্ষার ব্যাপারে আরো সচেতন করা এবং অসহায় মানুষের সহযোগীতা ও বিভিন্ন কর্মসূচী নিয়ে আমরা কাজ করে যাচ্ছি। এলাকার নাগরিক সুবিধা সহ যে কোন সমস্যা দেখা দিলে সাথে সাথে কাউন্সিলরবৃন্দকে অবগত করার অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

সভাপতি, জনাব আব্দুল্লাহ আল মামুন, কাউন্সিলর ০২ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার জন্য সদস্যদের অনুরোধ করেন। তার ওয়ার্ডে রাস্তা, ড্রেন, পরিষ্কার-পরিচ্ছন্নতার এবং সড়ক বাতি ও এডিস মশা নিধনের জন্য যথেষ্ট কাজ করে যাচ্ছি। তিনি তার বক্তব্যে বলেন বাসা বাড়ির ময়লা কমিউনিটি ভ্যান গাড়ীর মাধ্যমে গণ সচেতনতা বৃদ্ধি, পয়ঃবর্জ্য নিষ্কাশন সেপটি ট্যাংকি পরিষ্কার এবং ব্যাকুম ক্লিনার এর মাধ্যমে সেপটি ট্যাংকি পরিষ্কার সম্পর্কে গন সচেতনতা ও ভিডিও বক্তব্য প্রদান করেন। প্রকল্প ও জনস্বার্থে যেখানে সেখানে ময়লা-আবর্জনা ফেলা যাবেনা। নিজ নিজ বাড়ির আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২১/৬/২৩

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
সভাপতি
০২ নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর ০২ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা।

বিতরণঃ
১। জনাব/জনাবা ........................................................................
.................................................................................রাজবাড়ী ও
সহ-সভাপতি/সদস্য/সদস্য সচিব, ২ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা।

অনুলিপিঃ

১। একান্ত সহকারী, মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।

Ward commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়,রাজবাড়ী।

<u>০৩ নং ওয়ার্ড কমিটির সভার কার্যবিবরনী</u> ঃ-

সভাপতি ঃ জনাব মোঃ সাইফুদ্দিন আহমেদ সুজন
স্থান ঃ পৌরসভা কার্যালয়।
তারিখ ও সময় ঃ ২৪/০৮/২০২৩, বৃহসপতিবার, সকাল ঃ ১১-০০ মিনিট

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানীত সদস্য ও সহায়ক কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড ও বিভিন্ন সমস্যা সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ জানিয়ে তার স্বাগত বক্তব্য শেষ করেন।

<u>আলোচ্য সূচী</u> ঃ-

০১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ।
০২। ইউজিআপ সর্ম্পকে সংক্ষিপ্ত অবহিত করন।
০৩। পৌরকর ও অন্যান্য আদায়ের সহযোগীতা প্রসংগে।
০৪। ওয়ার্ডের বিভিন্ন সমস্য নিয়ে আলোচনা ও সুপারিশ।
০৫। বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত পরিস্থিতি নিয়ে আলোচনা।
০৬। বিবিধি।

| ক্রঃ | আলোচ্য সুচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি /কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কর্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতে কমিটির সদস্য সচিব জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, স্যানিটারী ইন্সপেক্টর, রাজবাড়ী পৌরসভা, তিনি বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতীক্রমে অনুমোদিত হয়। | কার্যবিবরনী অনুমোদিত হল। | সদস্য সচিব |
| ০১ | ইউজিআপ সর্ম্পকে সংক্ষিপ্তভাবে অবহিত করন । | (ক) জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, স্যানিটারী ইন্সপেক্টর, রাজবাড়ী পৌরসভা, আলোচ্যসুচির উপর আলোচনা করে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে ওয়ার্ডের বিদ্যমান সমস্যাগুলি সম্পর্কে আলোচনা করার জন্য আমন্ত্রন জানান। তিনি বলেন UGIIP-111 এর উন্নয়নমূলক কাজ শেষ হয়েছে। তিনি পুনরায় উল্লেখ করেন ৩নং ওয়ার্ডে আরও উন্নয়ন মূলক কাজ করার প্রয়োজন ছিল। কিন্তু সেগুলি করা সম্ভব হয় না বিশেষ করে প্রতিটি সভায় আলোচনা করা হয়েছে পুলিশ ফাড়ি হতে সরকারী শিশু সদন পর্যন্ত রাস্তায় ড্রেন নির্মান করার জন্য এলাকাবাসীর দির্ঘদিনের দাবী ছিল কিন্তু উক্ত কাজটি প্রজেক্টের অনর্ভূক্তি না হওয়ার কারনে কাজটি শুরু করা সম্ভব হয় নাই। এ ব্যাপারে মেয়র মহোদয়ের সাথে [illegible]। কিন্তু উক্ত কাজের ব্যাপারে কোন অগ্রগতি হয় নাই। এ ব্যাপারে সভাপতি মহোদয় বলতে পারবেন সর্বশেষ কি অবস্থা। পরিশেষে সভায় উপস্থিত সকল সদস্যকে পুনরায় ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | সদস্য সচিব |
| ০২ | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগীতা প্রসংগে। | (ক) জনাব মোঃ তায়েব আলী, সম্মানিত পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা। তিনি আলোচনা পর্বে অংশগ্রহন করে বলেন যে, রাজবাড়ী পৌরসভায় বকেয়া আদায়ের হার সন্তোষজনক থাকলেও ৩নং ওয়ার্ডে আদায়ের হার খুবই কম ছিল, বর্তমানে আদায়ের হার বৃদ্ধি পেয়েছে। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | কর পরিদর্শক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি আরও বলেন বিগত বছর গুলিতে পৌর কর আদায়ে হার সনোষজনক ছিল, কিন্তু দ্রব্যমূল্য বৃদ্ধির কারনে মানুষের জীবনযাপনের উপর চাপ পরেছে। তাদের অর্থিক অবস্থা বিবেচনা করে এই সময় পৌর কর আদায়ের জন্য নাগরিকদের উপর চাপিয়ে দেওয়া যাচ্ছে না। তাই তিনি পুনরায় বলেন রাজবাড়ী পৌরসভার অনান্য ওয়ার্ডে পৌরকর আদায়ের পরিমান সন্তোষজনক হলেও ০৩ নং ওয়ার্ডের আদায়ের হার সন্তেসজনক ছিল না। গত সভায় আলোচনা করা হয়েছিল সে সব করদাতারাদের নিকট পৌরকর বকেয়া রয়েছে সেই সব কর দাতাদের বকেয়া কর প্রদানের জন্য উদ্বদ্ধকরার জন্য ওয়ার্ড কমিটির নিকট তালিকা প্রদান করা হয়েছে। তিনি পুনরায় বলেন, চলমান উন্নয়ন কাজ সচল রাখার জন্য নাগরিকদের নিয়মিত পৌরকর পরিশোধ করা জরুরী। পৌরসভার অর্থের অভাবে পৌরসভার উন্নয়ন কাজ বাধগ্রস্থ হয় এবং পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীগন বেতন ভাতা পরিশোধ করা সম্ভব হয় না। তাই তিনি নিয়মিতভাবে পৌর কর প্রদান করার জন্য পুনরায় অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | | |
| ০৩ | ওয়ার্ডের বিভিন্ন সমস্যার উপর আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসংগে। | (ক) জনাব বন্দনা রানী দাস, সদস্য, ০৩ নং ওয়ার্ড কমিটি বলেন, তিনি অভিযোগ করে বলেন যে, ওয়ার্ড কমিটির সভায় অনেক গুরুত্বপূর্ব বিষয় নিয়ে আলোচনা করা হয়। কিন্তু উক্ত সমস্যার কোন সমাধান করা হয় না। তিনি বলেন তার বাড়ীর সামনে দিয়ে যে রাস্তাটি ৩নং ওয়ার্ড কাউন্সিলরের বাড়ী পর্যন্ত শেষ হয়েছে উক্ত রাস্তাটি চলাচলের অযোগ্য হয়ে পরেছে। বৃষ্টির পানি জমে থাকার কারনে রাস্তার মাঝ খানে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। রাস্তাটি মেরামতের জন্য এবং রাস্তার পাশ দিয়ে ড্রেন নির্মান করার জন্য প্রতিটি সভায় আলোচনা করা হয়। কিন্তু উক্ত কাজের কোন অগ্রগতি হয় নাই। তিনি আরও বলেন তার বাড়ীর পাশে একটি পুকুর ছিল বৃষ্টির পানি সেখানে জমা। যার কারনে এলাকায় জলাবদ্ধতা হত না। পুকুরটি ভরাট হওয়ার জলাবদ্ধতার কারনে মশা-মাছিসহ পরিবেশ দুষিত হচ্ছে। তিনি পুনরায় রাস্তাটির মেরামতের জন্য অনুরোধ করে সবাইকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | কঞ্জারভেন্সি ইন্সপেক্টর |
| ০৪ | | (খ) জনাব সাকিল আহমেদ, সদস্য, ০৩ নং ওয়ার্ড কমিটি তিনি ৩নং ওয়ার্ড কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি অভিযোগ করে বলেন গত সভায় আলোচনা করেছিলে তার এলাকার পুলিশ ফাঁড়ি হতে মিজানের বাড়ী পর্যন্ত যে রাস্তাটি কাজ ইতিপূর্বে শেষ হয়েছে তবে রাস্তার পাশে কোন ড্রেন না থাকায় বৃষ্টি হলে রাস্তার উপর হাঁটু পানি জমা থাকে। রাস্তার পাশে কোন ড্রেন না থাকার কারনে রাস্তায় পানি জমে থাকে এতে রাস্তাটি নষ্ট হচ্ছে, তাই তিনি ড্রেন নির্মান করার জন্য পুনরায় অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | কঞ্জারভেন্সি ইন্সপেক্টর |

Ward commity

| | | | | |
|---|---|---|---|---|
| | ওয়ার্ডের বিভিন্ন সমস্যার উপর আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসংগে। | (গ) জনাব জোসনা বেগম, সদস্য, ০৩ নং ওয়ার্ড কমিটি, তিনি বলেন আলোচনা পর্বে আংশগ্রহন করে বলেন যে, তার বাড়ীর সামনে রাস্তায় বিশেষ করে বাদুর তলা হতে পুলিশ ফাড়ি পর্যন্ত রাস্তার বাতি বেশির ভাগ সময়ে নষ্ট থাকে । এতে এলাকাবাসীর রাতে চলাচলে খুব সমস্য হয়। তিনি ওয়ার্ডের কাউন্সিলরকে জানিয়ে কোন ফল হয় নাই, তাই তিনি আজকের সভায় পুনরায় অনুরোধ করেন জরুরী ভিত্তিতে রাস্তার বাতির ব্যবস্থা করার জন্য এই বলে তিনি তার বক্তব্য শেখ করেন।<br>জনাব, বেনু ধর সদস্য, ০৩ নং ওয়ার্ড কমিটি। তিনি আলাচনা পর্বে অংশগ্রহন করে বলেন অভিযোগ করে বলেন যে, গত সভাসহ অনেক সভায় তিনি আলোচনা করেছিলেন তার বাড়ীর পিছনে পৌরসভার বাজার রয়েছে। সেখানে রাজবাড়ী বাজারের সমস্ত ময়লা আর্বজনা জরোকরে রাখা হয়। যার ফলে দুগর্ন্ধের কারনে তাদের বসবাসের অযোগ্য হয়ে পরেছে। আবার মুরগী বাজারের মুরগীর পাক নারি-ভুরি যত্রতত্র যেখানে সেখানে ফেলা হয় ফলে পরিবেশ দুষিত হচ্ছে তাই তিনি অনুরোধ করেন জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহন করার জন্য কিন্তু কোন কাজ হয় নাই। তিনি পুনরায় অনুরোধ করেন ব্যবস্থা নেওয়ার জন্য। এই বলে তিনি তার বক্তব্য শেষ করেন। | | |
| ০৫ | বিবিধি | (ক) জনাব হাসানুজ্জামান, সদস্য, ০৩ নং ওয়ার্ড কমিটি তিনি অভিযোগ করে বলেন গত সভাসহ অনেকবার আলোচনা করা হয়েছিল পুরাতন পাওয়ার হাউস খাদ্য গোডাইনের সংলগ্ন পুকুর চালায় নিয়মিত ময়লা ফেলা হচ্ছে, যার কারনে পথচারিদের চলাচলে সমস্য হচ্ছে। উক্ত এলাকায় দূর্গন্ধেসহ মশা মাছির কারনে পরিবেশ দূষিন হচ্ছে। কিন্তু এই বিষয়ে কোন ব্যবস্থা গ্রহন করা হয় নাই। তিনি জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহনের জন্য বলেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | কন্জারভেন্সি ইন্সপেক্টর |

সহ:সভাপতি জনাব ফারজানা আলম, কাউন্সিলর ১,২,ও ৩ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। তিনি ৩নং ওয়ার্ড কমিটির সকল সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জানিয়ে বলেন ৩নং ওয়ার্ডের অনেক সমস্য রয়েছে বিশেষ করে জলাবদ্ধতা ও বর্জ্য ব্যবস্থাপনা সমস্যাসহ আরো অনেক সমস্য রয়েছে প্রতিটি সভায় এই সব বিষয় নিয়ে আলোচনা করা হয় কিন্তু সমাধান করা যাচ্ছে না। তাই তিনি বলেন বিগত সকল সমস্য সমাধানের জন্য জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহন করার জন্য মেয়র মহোদয়কে পুনরায় অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করে।

সভার সভাপতি জনাব মো: সাইফুদ্দিন আহমেদ দুজল, কাউন্সিলর, ০৩ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন ড্রেনেজ সমস্যার কারনে অনেক জায়গায় জলাবদ্ধতার সৃষ্টি হয়ে তাকে। কারন ড্রেনের অভাবে পানি বের হতে পারে না। এবং তার এলাকায় যে সব পুকুর জলাশয় ছিল সে গুলি ভরাট হবার কারনে এই জলাবদ্ধতার সৃষ্টি হয়। তিনি বলেন জলাবদ্ধতার দুর করার জন্য ড্রেনের ব্যবস্থা গ্রহন করা জরুরী এ বিষয়ে পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে এবং তিনি আরও বলেন যে সমস্ত রাস্তায় বাতি নষ্ট রয়েছে সেগুলি জরুরী ভিত্তিতে মেরামতসহ বর্জ্য অপসারনের জন্য জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহন করা হবে এবং পরিশেষে তিনি সভায় উপস্থিত সকল সদস্যকে নিয়মিত পৌরকর পরিশোধ করার আহবান জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন ও সভার সমাপ্তি ঘোষনা করেন।

Ward commity

২৪/৮/২৩

( মো: সাইফুদ্দিন আহমেদ সুজন)
সভাপতি
৩ নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর, ০৩ নং ওয়ার্ড,
রাজবাড়ী পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যাথে ঃ -

১। জনাব..........................................সহ-সভাপতি / সদস্যসচিব/সদস্য
৩ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা।

২৪/৮/২৩

( মো: সাইফুদ্দিন আহমেদ সুজন)
সভাপতি
৩ নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর, ০৩ নং ওয়ার্ড,
রাজবাড়ী পৌরসভা।